

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮৪

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮
০৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২। আজ ০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায়; ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) : উত্তর বঙ্গোপসাগরে লঘুচাপের সৃষ্টি হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৩	৩৫.১	৩৬.২	৩৫.৩	৩৬.৬	৩৫.৫	৩৫.৬	৩৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৮	২৭.৫	২৪.৭	২৬.৬	২৬.৪	২৫.৬	২৬.০	২৭.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৬.৬° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুতুবদিয়া ২৪.৭° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ঘন্টায় কুড়িগ্রাম, গাইবান্ধা, জামালপুর, বগুড়া, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, পাবনা এবং মানিকগঞ্জ জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে, অপর দিকে রাজবাড়ী, ফরিদপুর, মুন্সিগঞ্জ এবং শরীয়তপুর জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে।
- বর্তমানে বাংলাদেশের ১৩টি জেলা বন্যা আক্রান্ত। জেলাগুলো হলঃ কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া, জামালপুর, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, পাবনা, মানিকগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর ও শরীয়তপুর। বর্তমানে ৮টি নদী ১৯ টি পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। নদীগুলো হলঃ ধরলা, ব্রহ্মপুত্র, যমুনা, তুরাগ, কালিগঙ্গা, পদ্মা, আত্রাই ও ধলেশ্বরী।

৪ (ক)। ২৬ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। বগুড়া জেলার সারিয়াকান্দি স্টেশন, সিরাজগঞ্জ জেলার কাজিপুর ও সিরাজগঞ্জ স্টেশন, টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশনে এবং মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশনে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীলভাবে বাড়তে পারে, যার ফলে চলমান এ সকল জেলায় বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। আগামী ২৮ শে আগস্ট নাগাদ জামালপুর জেলার বাহাদুরাবাদ স্টেশনে পানি সমতল বিপদসীমা অতিক্রম করতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫ দিন স্থিতিশীল থাকতে পারে। পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীল ভাবে বাড়তে পারে যার ফলে চলমান বন্যা পরিস্থিতি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। মুন্সিগঞ্জের ভাগ্যকুল এবং মাওয়া পয়েন্টে ও শরীয়তপুর সুরেশ্বর পয়েন্টে পানি সমতল ২৯ শে আগস্ট নাগাদ বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। আগামী ৭ দিনে ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৩৯	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৬৬	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৪	বিপদ সীমার উপরে	১৯

৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রং নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
---------	-----------	------------------	----------	-------------------------	---	-------------------	--------------------------

১	কুড়িগ্রাম	কুড়িগ্রাম	ধরলা	২৬.৯৪	-১৭	২৬.৫০	+৪৪
২	কুড়িগ্রাম	চিলমারি	ব্রহ্মপুত্র	২৩.৮৭	-২৬	২৪.৭৫	+১৭
৩	গাইবান্ধা	ফুলছড়ি	যমুনা	২০.০৭	-২৩	১৯.৮২	+২৫
৪	গাইবান্ধা	সাঘাটা	যমুনা	১৯.৩২	-১৮	১৯.২০	+১২
৫	জামালপুর	বাহাদুরাবাদ	যমুনা	১৯.৮৪	-২৫	১৯.৫০	+৩৪
৬	বগুড়া	সারিয়াকান্দি	যমুনা	১৭.২৩	-১৫	১৬.৭০	+৫৩
৭	সিরাজগঞ্জ	কাজিপুর	যমুনা	১৬.১৬	+২৪	১৫.২৫	+৯১
৮	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ	যমুনা	১৩.৯২	-১০	১৩.৩৫	+৫৭
৯	সিরাজগঞ্জ	বাঘাবাড়ি	আত্রাই	১১.১০	+০২	১০.৪০	+৭০
১০	টাংগাইল	পোড়াবাড়ি	যমুনা	১২.১৪	-০৭	১১.৯০	+২৪
১১	টাংগাইল	এলাসিন	ধলেশ্বরী	১২.১৯	+০১	১১.৪০	+৭৯
১২	পাবনা	মথুরা	যমুনা	১০.৪৩	০০	১০.০৬	+৩৭
১৩	মানিকগঞ্জ	আরিচা	যমুনা	৯.৭৮	০০	৯.৪০	+৩৮
১৪	মানিকগঞ্জ	তারাঘাট	কালিগঞ্জা	৮.৫৯	+১২	৮.৪০	+১৯
১৫	গাজীপুর	কালিয়াকৈর	তুরাগ	৮.৫৫	+০৩	৮.৪০	+১৫
১৬	রাজবাড়ী	গোয়ালন্দ	পদ্মা	৯.৪২	+০৩	৮.৬৫	+৭৭
১৭	মুন্সিগঞ্জ	ভাগ্যকুল	পদ্মা	৬.৫৫	+০৭	৬.৩০	+২৫
১৮	মুন্সিগঞ্জ	মাওয়া	পদ্মা	৬.৩২	+০৬	৬.১০	+২২
১৯	শরীয়তপুর	সুরেশ্বর	পদ্মা	৪.৭৭	+১৪	৪.৪৫	+৩২

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
শেওলা	৪৮.০	নরসিংদী	৪৮.০

৫(ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
শিলং	২৫.০	-	-

৬। বন্যা পরিস্থিতিঃ

১) রাজবাড়ীঃ পদ্মা নদীর পানি দৌলতদিয়া পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৭৭ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। গত ৩০/০৮/২০২১ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ৮:৩০ ঘটিকায় দৌলতদিয়া ইউনিয়নের ০৪ নং ফেরিঘাটের নিটক ০২ নং ওয়ার্ড সিদ্দিক কাজীর পাড়ায় আকস্মিক নদী ভাঙ্গনে ০১ টি মসজিদ নদী গর্ভে বিলীন হয়ে গেছে এবং ০৩ টি বাড়ী অন্যত্র সরিয়ে নিয়েছে। জেলা প্রশাসক, রাজবাড়ী, উপজেলা নির্বাহী অফিসার, গোয়ালন্দ রাজবাড়ী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে পরিদর্শন করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারকে শুকনা খাবার (১০ কেজি চাল, ২ কেজি ডাল, ১ লিটার তৈল) প্রদান করেন।

২) বগুড়াঃ জেলায় নদীর পানি হ্রাস পাচ্ছে। বর্তমানে যমুনা নদীর পানি সারিয়াকান্দি পয়েন্টে বর্তমানে বিপদসীমার ৫৩ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং বাঙ্গালী নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে সৃষ্ট বন্যায় জেলার ৩টি উপজেলার ১৪ ইউনিয়নের ১০১ টি গ্রামের ১৬,৭২০ টি

পরিবারের ৬৬,৯৮০ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ৩৪৯ হেক্টর জমির ফসল এবং ২৮ টি শিক্ষা প্রতিষ্ঠানও ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে বন্যা প্রবণ উপজেলায় ১৭০.০০ মেঃটন ত্রাণ কার্য (চাল) উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩) জামালপুরঃ জেলা প্রশাসক, জামালপুর এর ০৫.০৯.২০২১খ্রিঃ তারিখের ১৬২ নম্বর পত্র পত্রে জানা যায় যে, গত ০৩/০৯.২০২১ তারিখ থেকে যমুনা নদীর পানি কমতে শুরু করেছে। বর্তমানে যমুনা নদীর পানি বিপদসীমার ৩৪ সে.মি. উপর দিয়ে এবং ব্রহ্মপুত্র নদের পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢল এবং অতিবর্ষণে নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে জামালপুর জেলার ৬টি উপজেলার (ইসলামপুর, দেওয়ানগঞ্জ, সরিষাবাড়ী, মাদারগঞ্জ ও বকশীগঞ্জ) নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। এর ফলে জেলার ৬টি উপজেলার ৩৯ ইউনিয়নের ১৬৯ টি গ্রামের ২২,৯৩৪ টি পরিবারের ৯৮,৯০৯ জন লোক ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও ৭৪১০ হেক্টর জমির ফসল পানিতে নিমজ্জিত, ১৭.২৫০ কি.মি. কাঁচা রাস্তা ও ০.৮ কি.মি. পাকা রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলার দেওয়ানগঞ্জ ও ইসলামপুর উপজেলায় ৪টি আশ্রয়কেন্দ্রে ১৯২টি পরিবারের ৭৭৫ জন লোক আশ্রয় গ্রহণ করেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্দ থেকে ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে ৯০ মেঃটন ত্রাণ কার্য (চাল), ১২,৫০,০০০/- টাকা এবং ১০০০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে।

৪) কুড়িগ্রামঃ জেলার ধরলা ও ব্রহ্মপুত্র নদীর পানি হ্রাস পাচ্ছে। বর্তমানে ধরলা নদীর পানি বিপদসীমার ৪৪ সে.মি. উপর দিয়ে এবং ব্রহ্মপুত্র নদীর পানি চিলমারি পয়েন্টে বিদসমীমার ১৭ সে.মি. উপর দিয়ে ও হাতিয়া পয়েন্টে বিদসমীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। নদীর পানি বৃদ্ধির ফলে জেলার নিম্নাঞ্চলে পানি উঠেছে। রৌমারী ও রাজিবপুর উপজেলায় মোট ১০০টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে উপজেলাসমূহে পর্যাপ্ত পরিমাণ ত্রাণ সামগ্রী উপবরাদ্দ প্রদান করা হয়েছে।

৫) টাংগাইলঃ উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢল ও অতিবর্ষণে নদীর পানি বৃদ্ধি পেয়ে টাংগাইল জেলার কালিহাতি, টাংগাইল সদর ও নাগপুর উপজেলার নিম্নাঞ্চল প্লাবিত হচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত আছে। কালিহাতি উপজেলার যমুনা নদীর ভাংগনে এ পর্যন্ত ২১২টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারে মধ্যে জিআর ক্যাশ হিসেবে ১০,৬০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। টাংগাইলে ধলেশ্বরী নদীর পানি বর্তমানে বিপদসীমার ৭৮ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

৬) শরীয়তপুরঃ জেলা প্রশাসক, শরীয়তপুর এর ০২.০৯.২০২১খ্রিঃ তারিখের ৪৬২ নম্বর পত্রে জানা যায় সাম্প্রতিক বর্ষা মৌসুম হতে পদ্মা নদীর ভাঙ্গন শুরু হয়েছে। ভাঙ্গনের তীব্রতার কারণে জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। ইতোমধ্যে জাজিরা ইউনিয়নের ০৬টি, পালেরচর ইউনিয়নে ০৯টি, কুন্ডেরচর ইউনিয়নে ১৫৬টি, পূর্বনাওডোবা ইউনিয়নে ০৯টি, বড়কান্দি ইউনিয়নে ১২টিসহ সর্বমোট ১৯২টি পরিবার নদী গর্ভে সম্পূর্ণভাবে বিলীন হয়ে গেছে। পদ্মা নদীর পানি কমার সময় ভাঙ্গনের তীব্রতা আরো বাড়তে পারে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মানবিক সহায়তা হিসেবে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত জাজিরা ইউনিয়নের ০৬টি, পালেরচর ইউনিয়নে ০৯টি, কুন্ডেরচর ইউনিয়নে ১৪টি, পূর্বনাওডোবা ইউনিয়নে ০৯টি, বড়কান্দি ইউনিয়নে ১২টিসহ ৫০টি পরিবারকে পরিবার প্রতি ৫,০০০/- টাকা হারে মোট ২,৫০,০০০/- টাকা ত্রাণ কার্য (নগদ) ও সংযুক্ত আরব আমিরাত থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী ০১ প্যাকেট হারে মোট ৫০ প্যাকেট এবং কুন্ডেরচর ইউনিয়নে ১৪২টি পরিবারকে পরিবার প্রতি ২,০০০/- টাকা হারে মোট ২,৮৪,০০০/- টাকা ও পরিবার প্রতি ২০ কেজি হারে মোট ২.৮৪০ মেঃটন ত্রাণ কার্য (চাল) বিতরণ করা হয়েছে। জেলার সুরেশ্বর পয়েন্টে যমুনা নদীর পানি বর্তমানে বিপদসীমার ৩২ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।

৭। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ০৪ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	সিলেট	১	০	০
৪।	চট্টগ্রাম	২	০	০
৫।	খুলনা	৩	০	০
	মোট	১১	০	০

৮ (ক)। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- ০৫/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৭টি জেলার (কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জামালপুর) জেলা প্রশাসকদের অনুকূলে মোট ৯৫,০০,০০০/- (পঁচানব্বই লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- ০৫/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ১৫টি জেলায় শিশু খাদ্য ক্রয়পূর্বক বিতরণের লক্ষ্যে মোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা বরাদ্দ করা হয়েছে।
- ০৫/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ১২টি জেলায় গো-খাদ্য ক্রয়পূর্বক বিতরণের লক্ষ্যে মোট ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা বরাদ্দ করা হয়েছে।
- গত ০২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম ও গাইবান্ধা এর অনুকূলে শুকনা ও অন্যান্য খাবার ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেট/বস্তা করে এবংবগুড়া, সিরাজগঞ্জ, পাবনা, জামালপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, শরিয়তপুর, টাঙ্গাইল, মাদারীপুর জেলা এর অনুকূলে শুকনা ও অন্যান্য খাবার ১,৫০০ (এক হাজার পাঁচশত) প্যাকেট/বস্তা করে মোট ১৩,০০০ (তের হাজার) প্যাকেট/বস্তা বরাদ্দ দেয়া হয়েছে।

৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ০৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১ খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৩৬,৮৯,২৫,০০০/- (ত্রিশ কোটি ঊন্ব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা	১০৪৭,৯২,৫৭,৫১১/- (এক হাজার সাতচল্লিশ কোটি বিরানব্বই লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা

৩	চাল	১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩২,৫০০ (বত্রিশ হাজার পাঁচশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২০,২০০ (সাত লক্ষ বিশ হাজার দুইশত) প্যাকেট
৫	টেউটিন	৩০০ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩২,১০০ (বত্রিশ হাজার একশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৯,০০,০০০/ টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৬৩,০০,০০০/- (নয় কোটি তেষট্টি লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টন	-	৭০০ কার্টন

৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (০৪/০৯/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	২,৫০,১২১ টি	৯,৩৬৪ টি	২,৫৯,৪৮৫ টি
উপকারভোগী লোক সংখ্যা	১১,২৫,৬৫০ জন	৪৬,৩০৯ জন	১১,৭১,৯৫৯ জন

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



৫-৯-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮৪/১(১৭১)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৮

০৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৫-৯-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা